মিরপুরে নবাব সিরাজউদ্দৌলা কলেজের এইচএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান

কুষ্টিয়ার মিরপুরে নবাব সিরাজউদ্দৌলা কলেজের এইচএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে কলেজ মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মিরপুর উপজেলা জাসদের সাধারণ সম্পাদক ও কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি আহাম্মদ আলী।

কলেজের অধ্যক্ষ মোঃ ফরিদ উদ্দিনের সভাপতিত্বে প্রধান আলোচকের বক্তব্য রাখেন ইসলামি বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ও রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা প্রফেসর ড. মোহাম্মদ জহুরুল ইসলাম।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন বারুইপাড়া ইউনিয়ন মুক্তিযোদ্ধা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা খন্দকার ছানাউল্লাহ।

কলেজের বাংলা বিভাগের প্রভাষক মুজতবা কামালের সঞ্চালনায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিদ্যুৎসাহী সদস্য উফান আলী মেম্বার, কলেজের অর্থনীতি বিভাগের প্রভাষক হামিদুল ইসলাম, মশান মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল মজিদ, বলিদাপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফিরোজ আলম স্বপন, ছত্রগাছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক খায়রুজ্জামান, মশান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হামিদা খাতুন (মলিনা), হাজরাহাটি যৌথ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বশির আহমেদ, কেএসএস নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক অমল কুমার বিশ্বাস, তেঘরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রোজিনা পারভীন, বীর মুক্তিযোদ্ধা জহুরুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা আজিবার রহমান, বীর মুক্তিযোদ্ধা রেজন আলী, রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের প্রমোশন অফিসার ইমাম মেহেদী, ট্রাষ্টি সদস্য জুলফিকার প্রমুখ।

শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন প্রথম বর্ষের শিক্ষার্থী হৃদয় আলী এবং বিদায়ী শিক্ষার্থী সুলতান আহমেদ।

অনুষ্ঠানের শুরুতেই কোরআন থেকে তেলাওয়াত করেন কাউসার আলী।

এসময় শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তারা বলেন, বর্তমান সরকার শিক্ষা বান্ধব সরকার। আধুনিক শিক্ষার সাথে তাল মিলিয়ে দক্ষভাবে শিক্ষার্থীদের গড়ে উঠতে হবে। বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে শিক্ষার্থীদের ব্যাপক ভূমিকা পালন করতে হবে বলেও জানান তাঁরা।

বক্তারা আরও বলেন, মাদক থেকে দূরে থাকতে হবে, মেধা মননশীলতায় কম্পিউটার প্রশিক্ষণ নিয়ে নিজেকে দক্ষ হয়ে মানবিক মানুষ হিসেবে নিজেকে গড়ে তুলতে হবে। তাই শিক্ষা অর্জনের পাশাপাশি মানবিক মানুষ হিসেবে নিজেদের জীবন গড়ে তুলতে তারা শিক্ষার্থীদের প্রতি আহবান জানান। এছাড়া আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষার বিভিন্ন বিষয়ের উপর বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপদেশ মুলক বিভিন্ন বক্তব্য প্রদান করেন অতিথিবৃন্দ।

অনুষ্ঠান শেষে রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পরীক্ষার্থীদের জন্য ক্লিয়ার ফাইল, কলম, নোট ও স্কেল হিসেবে প্রদান করা হয়।

ইবি প্রেসক্লাবের সভাপতি হুরাইরা, সম্পাদক পাপ্পু

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া) ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) কর্মরত সাংবাদিকদের সংগঠন ইবি প্রেসক্লাবের কার্যনির্বাহী পরিষদের নির্বাচন-২০২২ সম্পন্ন হয়েছে।

এতে দৈনিক প্রতিদিনের সংবাদের বিশ্ববিদ্যালয় প্রতিনিধি আবু হুরাইরা সভাপতি এবং সমকালের মুতাসিম বিল্লাহ পাপ্পু সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

সোমবার (৩১ অক্টোবর) বিশ্ববিদ্যালয়ের প্রেস কর্নারে অনুষ্ঠিত নির্বাচনে সদস্যদের প্রত্যক্ষ ভোটে তারা নির্বাচিত হন। সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত এ ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়।

পরে প্রধান নির্বাচন কমিশনার হিসেবে ফল ঘোষণা করেন ইবি প্রেসক্লাবের সাবেক সভাপতি ও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) এ কে আজাদ লাভলু। এরপর প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক ড. মাহবুবুর রহমান পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করেন।

কমিটির অন্য সদস্যরা হলেন- সহ-সভাপতি রুমি নোমান (জাগো নিউজ) ও আহসান নাঈম (একুশে টেলিভিশন), যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব আলম রায়হান (ভোরের কাগজ), দপ্তর সম্পাদক মুনজুরুল ইসলাম নাহিদ (কালের কণ্ঠ), কোষাধ্যক্ষ আদিল সরকার (সময়ের আলো), প্রচার, প্রকাশনা ও সাহিত্য সম্পাদক রাকিব হোসেন রেদওয়ান (বাংলাদেশ প্রতিদিন), ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক আজাহারুল ইসলাম (জনকণ্ঠ)।

কার্যনিবার্হী সদস্য সরকার মাসুম (দৈনিক যুগান্তর), তারিকুল ইসলাম (বাংলা নিউজ২৪), নুর আলম (একাত্তর পোস্ট), আবির হোসেন (ক্যাম্পাস লাইভ-২৪) এবং নাজমুল হুসাইন (বাংলা ট্রিবিউন)।

ফল ঘোষণাকালে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. জাহাঙ্গীর হোসেন, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) এইচ এম আলী হাসান, পরিবহন প্রশাসক অধ্যাপক ড. আনোয়ার হোসেন ও ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. শেলীনা নাসরীনসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্যায়ের শিক্ষক কর্মকর্তা ও শাখা ছাত্রলীগসহ বিভিন্ন শিক্ষক-ছাত্র সংগঠনের নেতা- কর্মীরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় ট্রাক চাপায় কিশোরের মৃত্যু

কুষ্টিয়া কুষ্টিয়ায় ট্রাক চাপায় নাঈম (১৫) নামে এক কিশোরের মৃত্যু হেয়েছে।

সোমবার রাতে কুষ্টিয়ার বটতৈল -পোড়াদহ সড়কের দোস্তপাড়া বিসমিল্লাহ অটো রাইচ মিলের সামনে এ দুর্গটনা ঘটে। নিহত নাঈম সদর

উপজেলার আলামপুর ইউনিয়নের স্বর্গপুর গ্রামের বাহারাইন প্রবাসী আলমেরপেুত্র।

বাবা প্রবাসে থাকায় নাঈম তার মা লতা খাতুনের সাথে নানার বাড়ি দোস্তপাড়ায় থাকতেন।

স্থানীয়রা জানান, ঘটনার সময় একটি দ্রুতগামী ট্রাকের সামনের চাকা ব্লাস্ট করলে ট্রাকটি নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে এবং পাখিভ্যান গাড়ী ট্রাকের নিচে চলে যায়। পাখি ভ্যানে থাকা নাঈম চাপা পড়ে ঘটনাস্থলেই মৃত্যুবরণ করেন।

কুষ্টিয়ায় কৃষক হত্যায় ৫ ভাইয়ের যাবজ্জীবন

কুষ্টিয়ার কুমারখালীতে জমাজমি সংক্রান্ত দ্বন্দ্বের জের ধরে সংঘটিত হত্যাকাণ্ডের দায়ে আপন পাঁচ ভাইকে যাবজ্জীবন কারাদণ্ডাদেশ দিয়েছেন আদালত। একই সাথে অর্থদণ্ডেরও আদেশ দেন আদালত।

সোমবার দুপুরে কুষ্টিয়া জেলা ও দায়রা জজ অতিরিক্ত আদালত-১এর বিচারক তাজুল ইসলাম জনাকীর্ণ আদালতে সাজাপ্রাপ্ত আসামিদের দুজনের উপস্থিতিতে এই রায় দেন। রায়ে প্রত্যেককে পৃথকভাবে ২৫হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও এক বছর সাজার আদেশ দিয়েছেন আদালত।

সাজাপ্রাপ্তরা হলেন, কুমারখালী উপজেলার মাঝগ্রামের বাসিন্দা মৃত রহমত সেখের ছেলে উজ্জল হোসেন(৪৭), জালাল উদ্দিন (৫৬), সেজ্জাত ওরফে সুজাত(৪৩), আব্দুল গফুর (৬৭) এবং সুজন হোসেন (৩৮)।

আদালতের মামলা সূত্রে জানা যায়, ২০০৭ সালের ১১জুন রাত সাড়ে ১০টায় কুমারখালী উপজেলার খোদ্দবন গ্রামের আলিমদ্দিন সেখের ছেলে জামাল উদ্দিন সেখ নিজ ধানক্ষেতে সেচ দিয়ে বাড়ি ফিরছিলেন। পথে আসামিরা পূর্ব শত্রুতার জেরে সংঘবদ্ধ হয়ে দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে হামলা চালায়। তারা জামাল উদ্দিন সেখকে ধারালো অস্ত্রের আঘাতে গুরুতর রক্তাক্ত জখম করে। এতে জামাল উদ্দিন ঘটনাস্থলেই মৃত্যুবরণ করেন।

এ ঘটনায় নিহতের বড় ভাই আফিল উদ্দিন সেখ বাদী হয়ে আটজনের নামোল্লেখসহ অজ্ঞাত আরও ৫/৬ জনের বিরুদ্ধে হত্যা মামলা করেন কুমারখালী থানায়।

মামলাটি তদন্ত শেষে ২০০৮ সালের ০৭ জানুয়ারি ১২জনের বিরুদ্ধে কৃষক জামাল উদ্দিন হত্যায় জড়িত অভিযোগ এনে আদালতের চার্জশীট দাখিল করেন কুমারখালী থানার উপ পুলিশ পরিদর্শক সামছুল আলম সিদ্দিকী।

কুষ্টিয়া জেলা ও দায়রা জজ আদালতের পিপি এ্যাড. অনুপ কুমার নন্দী জানান, কুমারখালী থানার জমি সংক্রান্ত দ্বন্দের জেরে প্রতিপক্ষের ধারালো অস্ত্রের আঘাতে জামাল উদ্দিন নামের কৃষককে হত্যার দায়ে আপন পাঁচ সহোদরের বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীত প্রমাণিত হওয়ায় আদালত তাদের যাবজ্জীবন কারাদণ্ডসহ ২৫হাজার টাকা অর্থদণ্ডাদেশ দিয়েছেন। জরিমানার টাকা পরিশোধে ব্যর্থ হলে আরও এক বছর সাজা খাটতে হবে তাদের। সেইসঙ্গে অভিযোগ প্রমাণিত না হওয়ায় এ মামলায় মজনু, বিল্লাল, মো. হেলাল, জলিম উদ্দিন, সাকাই, দুলাল এবং আব্দুর রহিমকে বেকসুর খালাস দিয়েছেন আদালত।

দৌলতপুরে পাখিভ্যানের চাপায় শিশু নিহত

কুষ্টিয়ার দৌলতপুরে পাখিভ্যানের চাপায় দিশা আক্তার (৬) নামে এক শিশু নিহত হয়েছে। রোববার দুপুরের দিকে উপজেলার মরিচা ইউনিয়নের মাজদিয়াড় কারিতলা এলাকায় এ দূর্ঘটনা ঘটে।

নিহত শিশু একই ইউনিয়নের বৈরাগীরচর পূর্বপাড়া গ্রামের রিয়াজ উদ্দিনের মেয়ে এবং মাজদিয়াড় (কারিতলা) সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিশু শ্রেণীর শিক্ষার্থী।

প্রত্যক্ষদর্শী ও নিহতের স্বজনরা জানান, দিশা খাতুন স্কুল ছুটি শেষে নিজ বাড়ী ফেরার পথে স্কুলের সামনে রাস্তা পার হওয়ার সময় দ্রুতগামী পণ্য বোঝাই একটি পাখিভ্যান তাকে চাপা দেয়। এতে শিশু দিশা গুরুতর আহত হলে স্থানীয়রা তাকে উদ্ধার করে দৌলতপুর উপজেলা

স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক দিশাকে মৃত ঘোষণা করেন।

পরে নিহত শিশুর মরদেহ উদ্ধার করে থানায় নেয় দৌলতপুর থানা পুলিশ। তবে নিহত শিশুর পরিবারের কোন অভিযোগ না থাকায় তার মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে বলে জানিয়েছেন দৌলতপুর থানার ওসি মজিবুর রহমান।

কুষ্টিয়া সিটি কলেজের এইচএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান

বেঁচে থাকার জন্য শক্তি নয়, মেধার চর্চা করতে হবে বলে জানিয়েছেন ইসলামি বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ও রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা প্রফেসর ড. মোহাম্মদ জহুরুল ইসলাম।

কুষ্টিয়ার এই সিটি কলেজ এতো সুন্দরভাবে প্রতিষ্ঠিত করেছে তা কেবল এই প্রতিষ্ঠানের সংশ্লিষ্টদের সমন্বয়ে সম্ভব হয়েছে। মেধার চর্চা করেই এই সিটি কলেজের শিক্ষার্থীদের মানবিক হয়ে উঠতে হবে।

রবিবার সকালে কুষ্টিয়া সিটি কলেজের এইচএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে তিনি সব কথা বলেন।

তিনি আরও বলেন, মানুষ সৃষ্টির শ্রেষ্ঠ জীব। আর এ শ্রেষ্ঠত্বের কারণ হচ্ছে তার মনুষ্যত্ব, বিবেক ও বুদ্ধিবৃত্তি। তবে পৃথিবীতে মানুষই একমাত্র জীব, যাদের ক্রমাগত অনুশীলন ও চর্চার মাধ্যমে প্রকৃত মনুষ্যত্ব অর্জন করতে হয়। শিক্ষা মানুষকে এ কাজে সহায়তা করে।

কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ আন্তাজ উদ্দিনের সভাপতিত্বে ও সহকারী অধ্যাপক আসাদুল হকের সঞ্চালনায় বক্তব্য রাখেন কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সহসভাপতি ও কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি আলহাজ্ব মোঃ মতিয়ার রহমান মজনু, কলেজের ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক ওবায়দুর রহমান, কলেজের রাষ্ট্র বিজ্ঞান বিভাগের

সহকারী অধ্যাপক হাসাবুল ইসলাম, বাংলা বিভাগের সহকারী অধ্যাপক মোহিত কুমার বিশ্বাস, রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের প্রমোশন অফিসার ইমাম মেহেদী, রোটারীয়ান এ্যাড. মোসাদ্দেক আলী মনি প্রমুখ।

শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন প্রথম বর্ষের শিক্ষার্থী সামিউর রহমান এবং দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী রাজীব হোসাইন, মুসাব্বির আহমেদ। অনুষ্ঠানের শুরুতেই কোরআন থেকে তেলাওয়াত করেন আবদুস সামাদ।

এসময় শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তারা বলেন, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে শিক্ষার্থীদের ব্যাপক ভূমিকা পালন করতে হবে। মাদক থেকে দূরে থাকতে হবে, মেধা মননশীলতায় কম্পিউটার প্রশিক্ষণ নিয়ে নিজেকে দক্ষ হয়ে মানবিক মানুষ হিসেবে নিজেকে গড়ে তুলতে হবে।

তাই শিক্ষা অর্জনের পাশাপাশি মানবিক মানুষ হিসেবে নিজেদের জীবন গড়ে তুলতে তারা শিক্ষার্থীদের প্রতি আহবান জানান। এছাড়া আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষার বিভিন্ন বিষয়ের উপর বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপদেশ মুলক বিভিন্ন বক্তব্য প্রদান করেন অতিথিবৃন্দ।

পরে কলেজের দুই শিক্ষার্থী রুশনা খাতুন ও যুথী খাতুনের সড়ক দূর্ঘটনায় অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে দোয়া মোনাজাত পরিচালনা করা হয়।

কুষ্টিয়ায় হাসপাতাল সমাজসেবা কার্যক্রম পরিদর্শন করলেন সমাজসেবার উপ-পরিচালক

কুষ্টিয়া জেনারেল হাসপাতাল সমাজসেবা কার্যক্রম (রোগীকল্যাণ সমিতির) পরিদর্শন করেছেন কুষ্টিয়া জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক আব্দুল কাদের। দুপুরে তিনি এ কার্যক্রম পরিদর্শণ করেন।

এসময় কুষ্টিয়া জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক আব্দুল

কাদেরকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান হাসপাতাল সমাজসেবা অফিসার মো: মাহমুল হাসিব।

এসময় অন্যান্য কর্মকর্তা-কর্মচারীও উপস্থিত ছিলেন।

এসময় তিনি হাসপাতাল সমাজসেবার কার্যক্রম পরিদর্শনে সন্তোষ প্রকাশ করে কুষ্টিয়া জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক আব্দুল কাদের বলেন, সমাজসেবা অধিদফতরের সেবা কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিত করতে কাজ করে চলে অবিরত, এছাড়াও পারষ্পারিক সহযোগিতা এবং সমন্বিত উদ্যোগের মাধ্যমে দারিদ্র্যমুক্ত, উন্নত, সমৃদ্ধ বাংলাদেশ গড়ার প্রত্যয় নিয়ে সমাজসেবা অধিদফতরের সমাজকর্মে জনগনকে সম্পৃক্ত করাসহ হাসপাতালের দরিদ্র ও অসহায় রোগীদের মধ্যে সমাজসেবা অধিদফতরের সেবা প্রদান সক্ষমতা বৃদ্ধি করা,তাদের ওষধপথ্য প্রদান সহ জন চাহিদার আলোকে দক্ষতা ও দ্রুততার সাথে যথাযথ সেবা প্রদান নিশ্চিত করা

মিরপুরে গৃহবধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার

কুষ্টিয়ার মিরপুরে গলায় ওড়না প্যাঁচানো অবস্থায় শিউলি খাতুন
(২৬) নামের এক গৃহবধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় জিজ্ঞাসাবাদের জন্য তাঁর স্বামী পল্লি চিকিৎসক আলামিনকে আটক করা হয়েছে।

গতকাল শুক্রবার রাত ৩টার দিকে আল আমিনের মালিকানাধীন স্থানীয় হালসা ক্লিনিকের বাসা থেকে লাশ উদ্ধার করে পুলিশ। পরে সুরতহাল প্রতিবেদন তৈরির পর ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে লাশ পাঠানো হয়।

স্বজনদের অভিযোগ বিষয়টি আত্মহত্যা বলে চালিয়ে দিতে, শিউলিকে নির্যাতন করে হত্যার পর ফ্যানের সঙ্গে ঝুলিয়ে রাখা হয়েছে। শিউলি খাতুন উপজেলার আমবাড়ীয়া ইউনিয়নের শাকদহচর গ্রামের আসাদুলের মেয়ে এবং একই এলাকার পল্লি চিকিৎসক আলামিনের চতুর্থ স্ত্রী।

শিউলির চাচা সাইদুল ইসলাম বলেন, কয়েক বছর আগে প্রবাসী এক ছেলের সঙ্গে শিউলির বিয়ে হয়। সেই ছেলে বিদেশে থাকায় শিউলির সঙ্গে আল আমিনের ঘনিষ্ঠতা হয়। একপর্যায়ে তাঁরা বিয়ে করেন। বিয়ের পর শিউলি জানতে পারেন আল আমিনের আরও ৩ জন স্ত্রী রয়েছে। এ নিয়ে তাদের মধ্যে প্রায়ই ঝগড়া হতো। মাঝে মধ্যে আল আমিন শিউলিকে মারধরও করত।

শিউলির চাচাতো ভাই রনি বলেন, ‘গত রাত ২টার দিকে আল আমিন ফোন দিয়ে জানান শিউলি আত্মহত্যা করেছে। এরপর আমরা আল আমিনের বাসায় গিয়ে দেখতে পাই ফ্যানের সঙ্গে ঝুলে আছে শিউলির লাশ। গলায় ওড়না প্যাঁচানো, তবে তাঁর পা খাটের সঙ্গে লেগে আছে। এভাবে কেউ আত্মহত্যা করে না। সন্দেহ হলে পুলিশকে খবর দিই।’

এ নিয়ে জানতে চাইলে মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রাশেদ হাসান বলেন, ‘আত্মহত্যার বিষয়টি সন্দেহজনক। তাই আমরা শিউলির স্বামী আল আমিনকে আটক করেছি। তাঁকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। সেই সঙ্গে থানায় তাঁর বিরুদ্ধে আত্মহত্যার প্ররোচনার মামলার প্রস্তুতি চলছে।’

মিরপুরে ট্রেনে কাটা পড়ে এনজিও কর্মকর্তা নিহত

কুষ্টিয়ার মিরপুরে ট্রেনে কাটা পড়ে হুমায়ুন কবির (৪৪) নামে এক এনজিও কর্মকর্তা নিহত হয়েছে।

শনিবার (২৯অক্টোবর) দুপুরের দিকে মিরপুর আদর্শপাড়া সংলগ্ন ১৭৮-২নং পিলার এলাকায় এ দুর্ঘটনা ঘটে। পোড়াদহ রেলওয়ে থানা পুলিশের (জিআরপি) ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মনজের আলী এ তথ্য নিশ্চিত করেছেন।

নিহত হুমায়ুন কবির মিরপুর পৌরসভার ১নং ওয়ার্ড সুলতানপুর গ্রামের মৃত আবু তালেবের ছেলে। তিনি আশা এনজিও সংস্থায় ম্যানেজার পদে কর্মরত ছিলেন।

ঘটনাস্থলে দায়িত্বরত পুলিশের উপপরিদর্শক (এসআই) সোমেন জানান, সকাল সাড়ে ১১টার দিকে খুলনা থেকে চিলাহাটিগামী আন্তঃনগর রুপসা এক্সপ্রেস ট্রেনে কাটা পড়ে হুমায়ুন কবির নামে এক ব্যক্তি ঘটনাস্থলেই নিহত হয়েছেন। খবর পেয়ে নিহতের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে নিয়ে যাওয়ার প্রস্তুতি চলছে।

তিনি আরও জানান, মৃত্যুর কারণ সম্পর্কে এখনো কিছু জানা যায়নি। ময়নাতদন্ত রিপোর্ট পেলে মৃত্যুর কারণ জানা যাবে।

লালন শাহকে বিশ্ব দরবারে তুলে ধরতে কাজ করে যাচ্ছেন আবদুল হামিদ

আগামী ৩০ অক্টোবর রোববার যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে প্রথমবারের মতো হতে যাচ্ছে লালন উৎসব।

জ্যামাইকা পারফরমিং আর্টস সেন্টারে অনুষ্ঠানের উদ্বোধন করবেন লোক সংগীত ও লালন গানের কিংবদন্তী শিল্পী ফরিদা পারভীন।

অনুষ্ঠানের বিশেষ অতিথি থাকবেন বরেণ্য বংশীবাদক গাজী আবদুল হাকিম।

সম্প্রতি নিউইয়র্কের জ্যাকসন হাইটসের একটি রেস্তোরাঁয় জনাকীর্ণ সংবাদ সম্মেলনে লালন ফকিরের ১৩২তম তিরোধান দিবসে লালন উৎসবের ঘোষণা দেন কুষ্টিয়া লালন একাডেমির আজীবন সদস্য ও লালন পরিষদ ইউএসএ’র আহ্বায়ক মো. আবদুল হামিদ।

আয়োজকেরা জানান, বর্তমান বিশ্বে শান্তি প্রতিষ্ঠায় মানবধর্মের অনুসারী, আধ্যাত্মিক ব্যক্তিত্ব লালন ফকিরের দর্শন, চিন্তা সর্বত্র ছড়িয়ে দেয়াই উৎসবের লক্ষ্য। অনুষ্ঠানে গান, নাচ, সেমিনার, সিম্পোজিয়াম, থিয়েটার শো, চিত্রকলা, তথ্যচিত্র ও চলচ্চিত্র প্রদর্শনীর মাধ্যমে ভিন্ন আঙ্গিকে লালনকে উপস্থাপন করা

হবে।

উৎসবে অতিথি হিসেবে উপস্থিত থাকবেন একুশে পদকপ্রাপ্ত সংগীতশিল্পী রথীন্দ্রনাথ রায়, বিজ্ঞানী ড. নূরুন নবী, ডা. জিয়া উদ্দিন, সংগীতশিল্পী মুক্তিযোদ্ধা তাজুল ইমাম, সাংবাদিক ও গবেষক হাসান ফেরদৌস, ডা. সারোয়ারুল হাসান চৌধুরী, ডেমোক্রেটিক পার্টির ডিস্ট্রিক লিডার অ্যাট লার্জ অ্যাটর্নি মঈন চৌধুরী, কমিউনিটি বোর্ড সদস্য ডেমোক্র্যাট নেতা মোহাম্মদ এন. মজুমদার, নৃত্যশিল্পী অ্যানি ফেরদৌস, লায়ন ক্লাবের প্রেসিডেন্ট আহসান হাবিব, শাহ গ্রুপের প্রতিষ্ঠাতা শাহ জে. চৌধুরী, নাট্যব্যক্তিত্ব গার্গী মুখার্জি, গোলাম সারোয়ার হারুন ও ভারতীয় চলচ্চিত্র নির্মাতা সুমন মুখোপাধ্যায়।

সংবাদ সম্মেলনে বক্তব্য দেন শহীদ সাংবাদিক সিরাজুদ্দিন হোসেনের ছেলে সাংস্কৃতিক ব্যক্তিত্ব ফাহিম রেজা নূর, উৎসবের প্রধান উপদেষ্টা বিশিষ্ট রাজনীতিক, ব্যবসায়ী ও কমিউনিটি অ্যাক্টিভিস্ট নূরুল আমিন বাবু, টাইটেল স্পন্সর ইন্টার্ন ইনভেস্টমেন্টের চেয়ারম্যান বিশিষ্ট রিয়েল এস্টেট ব্যবসায়ী নূরুল আজিম, আহ্বায়ক মো. আবদুল হামিদ, সমন্বয়ক গোপাল স্যানাল, স্বীকৃতি বড়ুয়া, দিনেশ চন্দ্র মজুমদার, সুখেন গমেজ ও হাসানুজ্জামান সাকী, সংগীত শিল্পী শাহ মাহবুব এবং সংস্কৃতিকর্মী ইসরাত জাহান।

‘এমন মানব সমাজ কবে গো সৃজন হবে, যেদিন হিন্দু মুসলমান বৌদ্ধ খ্রিস্টান, জাতি গোত্র নাহি রবে’ শীর্ষক দিনব্যাপী উৎসবে সবার উপস্থিতি কামনা করেছেন আয়োজকেরা।

প্রসঙ্গত, বাউল সম্রাট ফকির লালন শাহকে কে বিশ্ব দরবারে তুলে ধরার জন্য কুষ্টিয়ার কৃতি সন্তান, কুষ্টিয়া লালন একাডেমির আজীবন সদস্য ও লালন পরিষদ ইউএসএ’র আহ্বায়ক মো. আবদুল হামিদ নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।